

রিয়াজ উদ্দীন

দৃষ্টিকোণ

ক্ষেত লাগোয়া নিবুম কালো জলের সঙ্গে দেখা
জল বলল— অবহেলায় ভাবছি হতাশ একা
সূর্য যখন পশ্চিমে প্রায় আকাশ যখন লাল
রাখাল ছেলে বললো নিয়ে আসবে না সে পাল

এল না কই পানকৌড়ি মাছের খোঁজে আর
বক সারসের জন্য তাকাই চৌদিকে বারবার
কোণার দিকের বট গাছটা ফেলছে কেটে লোকে
ময়না শালিক বাবুইগুলো পালায় বাসার শোকে

জরিপবাবু শেকল ফেলে মাপছে চারিধার
গ্রামের কৃষক বেচেই দেবে বাস্তু ও সংসার
অট্টালিকা উঠবে জেগে ছুটেবে মোটর গাড়ি
সড়ক হবে ওই দিকে সব দোকান সারি সারি

রিসর্ট হবে হাউসিং নয় পেপলিই এক মল
হরেক রকম বিপণি সুখ আমোদ অনর্গল
ব্যাক্সোয়েটে জকি পাবে খাবার অহর্নিশ
বর্জন তো বাঞ্ছনীয় অনুন্নয়ন-বিষ

এরকমটাই বলছিল কাল শহরবাবুর দল
বিজলিবাতির আলো রাতে ঠিকরোবে জ্বল জ্বল
গরীব মানুষ রিকসা পাবে বায়েস্কোপের গান
উন্নয়নের ছোঁয়ায় হবে আনন্দে আটখান

জলের কথা কে ভাবে আর এমন সুখের দিনে
ভাবতো যারা অর্থাভাবে নিমজ্জিত ঋণে
এ উন্নয়ন থামানো কি জলের মাটির কাজ
নিশ্চতনাই চাইছে যখন ইঁটের লোহার সাজ